গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

২১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ:
০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর**: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.২৩.৪৭৫

বিষয়: **পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকল্পে মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP)-এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহার।**

সূত্র: সৈয়দা রিজওয়ানা হাসান, মাননীয় উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২৯ আগস্ট ২০২৪ তারিখের ২২.০০.০০০০.০৭৫.২২.০০৩.২৩.৩৭৭ সংখ্যক আধা-সরকারিপত্র।

উপর্যুক্ত বিষয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হতে প্রাপ্ত আধা-সরকারিপত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

প্লাস্টিকের ব্যাপক ব্যবহারজনিত সৃষ্ট দূষণ বিশেষতঃ সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রী হতে সৃষ্ট দূষণ পরিবেশ ও জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি হিসেবে বিরাজ করছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকল্পে সিঙ্গেল ইউজ প্লাস্টিক-এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যেপরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা কর্তৃক আধা-সরকারিপত্রের মাধ্যমে সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রীর পরিবর্তে নিম্নোক্ত প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহারের জন্য অনুরোধ জানানো হয়েছে:

ক) প্লাস্টিকের ফাইল, ফোল্ডারের পরিবর্তে কাগজ বা পরিবেশবান্ধব অন্যান্য সামগ্রীর তৈরি ফাইল ও ফোল্ডার ব্যবহার করা;
খ) প্লাস্টিক ব্যাগের পরিবর্তে কটন/জুট ফেব্রিকের ব্যাগ ব্যবহার করা;
গ) প্লাস্টিকের পানির বোতলের পরিবর্তে কাঁচের বোতল ও কাঁচের গ্লাস ব্যবহার করা;
ঘ) প্লাস্টিকের ব্যানারের পরিবর্তে কটন ফেব্রিক, জুট ফেব্রিক বা বায়োডিগ্রেডেবল উপাদানে তৈরি ব্যানার ব্যবহার করা;
ঙ) দাওয়াত পত্র, ভিজিটিং কার্ড ও বিভিন্ন ধরনের প্রচার পত্রে প্লাস্টিকের লেমিনেটেড পরিহার করা;
চ) বিভিন্ন সভা/সেমিনারে সরবরাহকৃত খাবারের প্যাকেট যেন কাগজের হয়/পরিবেশ বান্ধব হয় সেটি নিশ্চিত করা;
ছ) একবার ব্যবহার্য প্লাস্টিকের প্লেট, গ্লাস, কাপ, স্ট্র, কাটলারিসহ সকল ধরনের পণ্য পরিহার করা;

জ) প্লাস্টিকের কলমের পরিবর্তে পেনসিল/কাগজের কলম ব্যবহার করা;

ঝ) বার্ষিক প্রতিবেদনসহ সকল ধরনের প্রকাশনায় লেমিনেটেড মোড়ক ও প্লাস্টিকের ব্যবহার পরিহার করা এবং

ঞ) ফুলের তোড়াতে প্লাস্টিকের ব্যবহার বন্ধ করা।

০২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণের লক্ষ্যে তাঁর মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ৩ পৃষ্ঠা

০৫-০৯-২০২৪
মোঃ সাজ্জাদুল হাসান
যুগ্মসচিব
৫৫১০০৯৭১ (ফোন)
৯৫১২২১৩ (ফ্যাক্স)
general_sec@cabinet.gov.bd

বিতরণ:

১। সিনিয়র সচিব/সচিব (সকল);

২। বিভাগীয় কমিশনার (সকল) এবং

৩। জেলা প্রশাসক (সকল)।

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.২৩.৪৭৫/১(৪)

তারিখ: ২১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়;

২। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ;

৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (যুগ্মসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ এবং

৪। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫-০৯-২০২৪
মোঃ সাজ্জাদুল হাসান
যুগ্মসচিব

**সকল সংযুক্তিসমূহ:**

(১) আধা-সরকারিপত্রের ছায়ালিপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০১৮.৯৯.০০৫.২৪.৬৭৭

তারিখ: ৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত সূত্রস্থ পত্রের অনুলিপি ও সংযুক্তিসমূহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হল।

১৯-০৯-২০২৪
দীপক কুমার রায়
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
৫৫১০০৭৬৫
dsadmin@mowca.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
২। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থা/একাডেমি/ফাউন্ডেশন (সকল);
৩। যুগ্মসচিব (সকল),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৪। সিনিয়র সহকারী সচিব (সকল) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫। সহকারী সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং
৬। প্রশাসনিক/ব্যক্তিগত কর্মকর্তা (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০১৮.৯৯.০০৫.২৪.৬৭৭/১(২)

তারিখ: ৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং
২। অতিরিক্ত সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন উইং, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

১৯-০৯-২০২৪
দীপক কুমার রায়
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড,ঢাকা
http://www.dwa.gov.bd

**স্মারক নম্বর:** ৩২.০১.০০০০.০০১.৩১.৪৪৭.২৪.৪৭১

তারিখ: ১১ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সূত্রোস্থ স্মারকের মাধ্যমে প্রাপ্ত মন্ত্রিপরিষদ বিভাগের পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রম অনুরোধ করা হলো ।

২৬-০৯-২০২৪
নিলুফার রহমান
উপ পরিচালক
০২-৪৮৩১৩৫৮২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রকল্প পরিচালক (সকল), মহিলা বিষয়ক অধিদপ্তর;
২। উপপরিচালক (সদর কার্যালয়/জেলাসমূহ), মহিলা বিষয়ক অধিদপ্তর;
৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল), মহিলা বিষয়ক অধিদপ্তর;
৪। সহকারী পরিচালক(সকল)/ কর্মসূচি পরিচালক (সকল)/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিভাগীয় পর্যায়ে মহিলা সহায়তা কেন্দ্র (সকল), মহিলা বিষয়ক অধিদপ্তর;
৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, প্রশিক্ষণ কেন্দ্র (সকল), মহিলা বিষয়ক অধিদপ্তর;
৬। ডে-কেয়ার অফিসার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, শিশু দিবাযত্ন কেন্দ্র (সকল), মহিলা বিষয়ক অধিদপ্তর এবং
৭। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ওয়েব পোর্টাল) (ওয়েব সাইটে প্রকাশের জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর।

১১ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩২.০১.০০০০.০০১.৩১.৪৪৭.২৪.৪৭১/১ (৩)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে);

২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর এবং

৩। পরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর।

২৬-০৯-২০২৪

নিলুফার রহমান

উপ পরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) প্লাস্টিকের ব্যবহার বন্ধ সংক্রান্ত